

■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, এ বিশ্বাস করা কি বৈধ যে, মানুষ জীবনে যে সৌভাগ্য লাভ এবং দুর্ভাগ্যের শিকার হয়, তাতে রাশিফল যেমন কুম্ভ-রাশি অথবা অন্যান্য রাশির অথবা তারকা ও নক্ষত্ররাজির প্রভাব রয়েছে? এগুলোর মাধ্যমে কি ভবিষ্যতের অদৃশ্য বিষয়সমূহ জানা সম্ভব?

উত্তর: বল, মানুষের জীবনে ভালো-মন্দ যা কিছু হয় তাতে রাশিফল, তারকা ও নক্ষত্রসমূহের প্রভাব আছে বলে বিশ্বাস করা বৈধ নয়। আর এগুলো দ্বারা ভবিষ্যৎ সম্পর্কে জানা যায় না। কেননা, গায়েবের ইলম আল্লাহর কাছেই। আল্লাহ তা'আলা বলেন, "বল, আল্লাহ ব্যতীত অন্য কেউ আসমানসমূহে ও যমীনের গায়েব জানে না"। [সূরা আন-নামাল: ৬৫] এ ছাড়াও কারণ, আল্লাহ একাই কল্যাণ আনয়নকারী ও অকল্যাণ দূরকারী। যে বিশ্বাস করল, অমুক রাশি অথবা অমুক অমুক তারকার মাধ্যমে গায়েব জানা যায় অথবা অমুক রাশি কিংবা অমুক অমুক তারকা উদয়ের সময় যে সন্তান জন্মলাভ করে, তার মঙ্গল বা অমঙ্গলের ক্ষেত্রে তারকা ও রাশিসমূহের প্রভাব রয়েছে এবং সন্তানকে ভাগ্যবান অথবা হতভাগা করার ক্ষেত্রে তারকার প্রভাব রয়েছে, সে আল্লাহর হক ও তাঁর রুবুবিয়্যার বৈশিষ্টগুলোতে তারকাকে শরীক করলো। যে এরূপ করল সে কুফরি করল। আমরা আল্লাহর নিকট এ থেকে আশ্রয় চাই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9988

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন